MAR. 25 2001

# দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা বিস্তারের পথ রুদ্ধ করতে শিক্ষামন্ত্রীর অপপ্রয়াস প্রতিহত করুন -প্রস্তাবিত কলেজ সমিতি

রাজশাহী অফিস ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন প্রস্তাবিত কলেজ সমিতির নেতৃবৃন্দ শিক্ষা বিস্তারের পথকে রুদ্ধ করতে শিক্ষামন্ত্রীর সকল অপপ্রয়াসকে যে কোন মূল্যে প্রতিহত করার আহ্বান জানিয়েছেন। তারা বলেন, নতুন কালো আইনের ছোবলে ২০০০-২০০১-এ প্রতিষ্ঠিত কলেজসমূহ আজও ছাত্র ভর্তির অনুমোদন পাচ্ছে না। ফলে এসব কলেজের শিক্ষক-কর্মচারীরা দারুণ হতাশার মধ্যে পড়েছে।

গতকাল সকালে সমিতির আহবায়ক আবুল কালাম আজাদের সভাপতিত্বে এক আলোচনা সভায় নেতৃবৃন্দ একথা বলেন। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মোহসিন হক বাবুল, গওসল আযম, হাসান মনসুর, মীর আবুল কাসেম প্রমুখ। সভায় প্রস্তাবিত কলেজসমূহে আগামী শিক্ষাবর্ষে ছাত্র ভর্তির অনুমতি প্রদানের দাবী জানিয়ে বলেন, অন্যথায় ৫ এপ্রিল বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।